ইত্তেফাক

তারিখ ৩০/১১/৮১
পৃষ্ঠা

040

## প্রাচীনতম ধর্মস্থান আবিষ্কার

ওয়াশিংটন, ২৮শে নভেম্বর (এপি)—স্পেনের উত্তরাঞ্চলে মানব ইতিহাসের প্রাচীনতম ধর্মস্থানের সন্ধান পাওয়া গিয়াছে। আবিষ্কারকর্তা জনৈক মার্কিন নৃতত্ত্ববিদের মতে প্রায় ১৪ হাজার বৎসর পূর্বে প্রস্তরযুগের মানুষরা একটি গুহার অভ্যন্তরে এই ধর্মপীঠের পত্তন করে। এখানে একখণ্ড প্রস্তরের একদিকে অর্ধেক মানুষ এবং অর্ধেক পশুর একটি অবয়ব খোদাই করা অবস্থায় পাওয়া গিয়াছে। উহার এক অংশে গোঁফ সমেত পুরুষ এবং অন্য অংশে চোখা দাঁতওয়ালা একটি বিড়ালের মুখ অক্ষত অবস্থায় পাওয়া গিয়াছে। এই প্রথম এ ধরনের নিদর্শন পাওয়া গেল।

## ইঁদুর মারা অভিযান

হাভানা, ২৮শে নভেম্বর (রয়টার)—কিউবা সরকার ইতিপূর্বে মশক নিধনের জন্য লক্ষ লক্ষ লোককে কাজে লাগাইয়াছিল। এখন দ্বীপটির আনুমানিক ৪ কোটি ইঁদুর মারার জন্য সরকার এক অভিযান শুরু করিয়াছে। সরকারী সূত্রে প্রকাশ, অভিযানের প্রথম দিনেই বিপুল সংখ্যক ইঁদুর মারা পড়িয়াছে। অভিযান ১৮ মাস চলিবে।